

34359 - হজ্জের ফযিলত

প্রশ্ন

হজ্জে মাবরুর এর মাধ্যমে কি কবিরাত গুনাহ মাফ হবে?

প্রিয় উত্তর

আলহামদুলিল্লাহ। সহিহ বুখারি ও সহিহ মুসলিম আবু হুরায়রা (রাঃ) এর হাদিস থেকে সাব্যস্ত হয়েছে যে, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যে ব্যক্তি হজ্জ আদায় করেন; কিন্তু কোন পাপের কথা বা কাজ করেননি সে ব্যক্তি ঐদিনের মত হয়ে ফিরে আসবে যেদিন তার মা তাকে প্রসব করেছিল”। [সহিহ বুখারি (১৫২১) ও সহিহ মুসলিম (১৩৫০)] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো বলেন: “এক উমরা আরেক উমরা মাঝের গুনাহ মোছনকারী। আর মাবরুর হজ্জের প্রতিদান হচ্ছে- জাহান্নাম”। [সহিহ বুখারি (১৭৭৩) ও সহিহ মুসলিম (১৩৪৯)] সুতরাং হজ্জ ও হজ্জ ছাড়া অন্য নেক আমল গুনাহ মাফের কারণ; যদি বান্দাহ সে আমলগুলোকে যথাযথভাবে আদায় করে। অধিকাংশ আলেমের মতে, নেক আমলের মাধ্যমে শুধু সগিরা গুনাহ মাফ পাওয়া যায়; কবিরাত গুনাহ নয়। কবিরাত গুনাহ মাফ পেতে হলে তওবা করতে হবে। এর সপক্ষে তাঁরা দলিল দেন যে, সহিহ মুসলিমে আবু হুরায়রা (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে বর্ণনা করেছেন যে, তিনি বলেন: “যদি বান্দাহ কবিরাত গুনাহ থেকে বিরত থাকে তাহলে পাঁচ ওয়াক্ত নামাজ, এক জুমা থেকে অন্য জুমা, এক রমজান থেকে অন্য রমজান মধ্যবর্তী গুনাহগুলোকে মার্জনা করিয়ে দেয়।” [সহিহ মুসলিম (১/২০৯)] ইবনুল মুনিয়রসহ একদল আলেমের মতে, হজ্জে মাবরুরের মাধ্যমে সকল গুনাহ মাফ হবে। যেহেতু উল্লেখিত হাদিসদ্বয়েরসরাসরি অর্থ সেটাই প্রমাণ করে।

আল্লাহই ভাল জানেন।